মা দ ক দ্র ব্য   নি য় ন্ত্র ণ   অ ধি দ প্ত র

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন | সংখ্যাঃ ৩০ | বর্ষঃ তৃতীয় | জুন ২০০৭

## মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৭ পালন

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার প্রতিরোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৮৭ সালের ৪২ তম অধিবেশনের ঘোষণা অনুযায়ী প্রতিবছর ২৬ জুন বিশ্বব্যাপী মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়। বাংলাদেশেও আন্তর্জাতিক এ দিবসটি প্রতিবছর গুরুত্ব সহকারে পালন করা হয়। দিবসটি উপলক্ষে এবছরের জাতিসংঘ ঘোষিত শ্লোগান হলো **“Do drugs control YOUR LIFE?** (মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে)” এবং সাব-শ্লোগান হলো-**“Your life. Your community. No place for drugs.** (আপনার জীবন ও সমাজে মাদকের কোন স্থান নেই)”। দিবসটি উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২৬ জুন সকাল ৮.০০ টায় জাতীয় জাদুঘরের সামনে থেকে শুরু হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসটি হয়ে শিশু একাডেমী পর্যন্ত মানববন্ধন কর্মসূচী পালন করে। উক্ত মানববন্ধন কর্মসূচীতে বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থা (এনজিও) প্রতিনিধিরা অংশ নেয়। সকাল ১১.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ শামসুল ইসলামের সভাপতিত্বে জাতীয় জাদুঘরের শহীদ জিয়া মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের আইন, পূর্ত, তথ্য ও ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র সচিব জনাব মোঃ আবদুল করিম। সভায় স্বাগত ভাষণ রাখেন অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব এম এ সোবহান।

→ শেষের পৃষ্ঠা কলাম ১




মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভার প্রধান অথিতি হিসেবে বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের আইন, পূর্ত, তথ্য ও ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০০৭ উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বেসরকারী সংস্থাসমূহ ব্যাপক গণসচেতনতামূলক কর্মসূচী গ্রহণ করে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মে/০৭ মাসে মোট ৫১৮ টি নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের আয়োজন করে। মে/০৭ মাসের নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

১. মাইকিং কর্মসূচী- ১২ টি।
২. ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক ৫ টি।
৩. মাদকবিরোধী আলোচনা সভা- ৪৩১ টি।
৪. অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম- ৬৬ টি।
৫. পোস্টার ও লিফলেট বিতরণ কর্মসূচী- ৩ টি।
৬. প্রশিক্ষণ কর্মসূচী- ১ টি।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

মে/০৭ মাসে সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ৩৮১ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তঃ বিভাগে ২০৩ জন এবং বহিঃ বিভাগে ১৭৮ জন চিকিৎসা সেবা, পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। মে/০৭ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

| কেন্দ্রের নাম | অন্তঃ বিভাগ | বহিঃ বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৫৬ | ১০৭ | ১৬৩ | ৮৪ | ৭৯ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ৯ | ১৩ | ২২ | ২১ | ১ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | - | - | - | - | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ৩ | ৭ | ১০ | ৫ | ৫ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | ৫৬ | - | ৫৬ | ১০ | ৪৬ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ৭৯ | ৫১ | ১৩০ | ৫১ | ৭৯ |
| মোট | ২০৩ | ১৭৮ | ৩৮১ | ১৭১ | ২১০ |

## সম্পাদকের কথা

# মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে

তথ্য প্রযুক্তির অভাবনীয় সাফল্যের ফলে সভ্যতার চাকা অধিকতর গতিশীল হলেও কতিপয় সমস্যা সভ্যতার গতিকে বাধাগ্রস্থ করছে আশংকাজনকভাবে। এ সমস্যাগুলোর মধ্যে অন্যতম হচ্ছে মাদক সমস্যা। মাদকের এ সর্বনাশা থাবা থেকে বিশ্ববাসীকে মুক্ত রাখার জন্য বিশ্ব বিবেককে ভাবিয়ে তুলেছে। এ প্রেক্ষিতে ১৯৮৭ সালে ভিয়েনায় অনুষ্ঠিত জাতিসংঘের ৪২ তম অধিবেশনের ১২২ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারের বিরুদ্ধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টিকল্পে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য বিশ্ব সমাজকে উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে জাতিসংঘভূক্ত সকল দেশে ১৯৮৮ সাল হতে এ দিবস পালিত হয়ে আসছে। দিবসটি উপলক্ষে এবছরের শ্লোগান হলো **"Do drugs control YOUR LIFE? (**মাদক কি আপনার জীবন নিয়ন্ত্রণ করে)" এবং সাব-শ্লোগান হলো-**"Your life. Your community. No place for drugs.** (আপনার জীবন ও সমাজে মাদকের কোন স্থান নেই)"। দিবসটি এ শ্লোগান ও সাব শ্লোগান খুবই তাৎপর্যপুর্ণ। কেননা একজন মানুষ যখন মাদকাসক্ত হয়ে পড়ে তখন তার স্নায়ুতন্ত্রের কার্যকলাপে পরিবর্তন আসে। ধীরে ধীরে মাদকদ্রব্যের উপর নির্ভরশীল হয়ে পড়ে। তার কারণ মাদক গ্রহণ করার পর তা মানব দেহের মস্তিস্ক কোষ, স্নায়ুতন্ত্র, হরমোন এবং দেহের জৈব রাসায়নিক ব্যবস্থাকে এমনভাবে আচ্ছন্ন ও প্রভাবিত করে যে মানুষ আর নিজের নিয়ন্ত্রণে থাকেনা। মাদক সেবনকারীদের দেহমন, চেতনা, মনন, প্রেষণা, আবেগ, বিচার-বুদ্ধি সবই মাদকের নিয়ন্ত্রণে চলে যায়। মাদক নেশার আচ্ছন্নতা ও নিয়ন্ত্রণে পড়ে মানুষ খুন করা, সড়ক দুর্ঘটনা ঘটানো, কিংবা আত্মহত্যা প্রবণতা সৃষ্টি হয়। এগুলো থেকে মুক্ত থাকার জন্য মাদকের উপর নির্ভরশীলতা কমাতে হবে। সমাজের সর্বস্তরে মাদককে পরিহার করতে হবে।

# আগারগাঁওস্থ বিএনপি বস্তি থেকে হেরোইন উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের সদস্যরা গত ৪ জুন ২০০৭ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে ঢাকার আগারগাঁও বিএনপি বস্তি থেকে ১ কেজি ৭০০ গ্রাম হেরোইনসহ ৩ জনকে গ্রেফতার করে। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে মোঃ অহিদুল ইসলাম (৪৫). মোঃ সিপন মুন্সী (২৫) এবং মোঃ বাবুল (৩০) কে গ্রেফতার করে। তাছাড়া গত ১৩ জুন ২০০৭ তারিখে ঢাকা গোয়েন্দা অঞ্চলের কর্মকর্তারা ঢাকাস্থ বাড্ডা থানাধীন মধ্যবাড্ডা এলাকা থেকে ৫১০ টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে আবুল কাশেম (২৮), শিপন আহম্মেদ (২২) এবং হুমায়ুন কবির (৩৩) নামে তিনজনকে গ্রেফতার করে। ঘটনার সময় আসামীদের কাছ থেকে ২ টি মোবাইল এবং ইয়াবা বিক্রয়লব্ধ ৪৫,০০০ টাকাও উদ্ধার করা হয়।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক মে/০৭ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ১০২ | ১০০ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৪৬ | ৫২ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ৩১ | ৩৩ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ২১ | ২২ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৭ | ৮ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৭ | ১০ |
| ৭ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪১ | ৪০ |
| ৮ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ১৩ | ১৭ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৪১ | ৩৮ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১২ | ১৮ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৬ | ৩৫ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৮ | ৪ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৩ | ৩ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ৩ | ১ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ২ | ১ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ৩৩ | ৩৯ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ৩০ | ৪৭ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১১ | ১১ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৭ | ১০ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ৪ | ৪ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৬২ | ৭৩ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ২০ | ২৩ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৯ | ১৯ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৩৩ | ৪১ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ১৯ | ১৯ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১২ | ১৩ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৬ | ৬ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১২ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৩ | ৩ |
| | সর্বমোটঃ | ৬৩১ | ৭০২ |

# প্রিকারসর কেমিক্যাল আমদানি সংক্রান্ত মাসিক বিবরণী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে মে/০৭ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

| প্রিকারসর কেমিক্যালের নাম | আমদানির বার্ষিক কোটার পরিমাণ | জুলাই/০৬ হতে মে/০৭ পর্যন্ত আমদানীর পরিমাণ | মে/০৭ মাসে আমদানীর পরিমাণ |
|---|---|---|---|
| টলুইন | ৮,৯২৫.৭৯৯ মেঃ টন | ১৭১৮.৬৩১ মেঃ টন | ২৬২.০৫৬ মেঃ টন |
| এসিটিক এনহাইড্রাইড | ১,২৫৬.৯৩৫ মেঃ টন | ২৯৯.১৪৫ মেঃ টন | - |
| এসিটোন | ৪,৪১৬.২৩১ মেঃ টন | ৪২১.০৪ মেঃ টন | ৩৮.৬৪ মেঃ টন |
| মিথাইল ইথাইল কিটোন | ৩,০০১.৪১৭ মেঃ টন | ২৮৭.১৯৮ মেঃ টন | ৩৯.৬০ মেঃ টন |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১,৭৫৭ মেঃ টন | ১৮৫ মেঃ টন | ৪০ মেঃ টন |

# আলামতভিত্তিক মামলার পরিসংখ্যান

মে/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তল্লাশী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতারে বেশ তৎপর ছিল। মে/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৬৩১ টি এবং আসামীর সংখ্যা ৭০২ জন। এপ্রিল/০৭ মাসের তুলনায় মে/০৭ মাসে মামলার সংখ্যা বেড়েছে ৬ টি এবং আসামীর সংখ্যা বেড়েছে ৪১ জন। তাছাড়া উল্লেখযোগ্য মামলার সংখ্যা ক্রমেই হ্রাস পাচ্ছে। অধিদপ্তররের মে/০৭ মাসের আলামতভিত্তিক মামলা,আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ৭১ | ৮০ | ০.৬৩১ কেজি |
| গাঁজা | ২৫৪ | ২৭৬ | ১৬০.১৯১ কেজি |
| গাঁজা গাছ | ৩ | ৪ | ১০০১ টি |
| অবৈধ চোলাই মদ | ১১৭ | ১২০ | ১৩৮৫.4 লিটার |
| বিদেশী মদ (বোতল) | ১০ | ১০ | ৩৯ বোতল |
| বিয়ার | ১ | ৩ | ১৪ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ১ | ১ | ১৩ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ১৩ | ১৬ | ৩১৪ লিটার |
| ফেন্সিডিল (বোতল) | ১১২ | ১২৮ | ২৬৭০ বোতল |
| ফেন্সিডিল (লুজ) | | | ০.২৫২ লিটার |
| তাড়ী (টোডি) | ২১ | ৩০ | ১৭৪৫ লিটার |
| পেথিডিন | ১ | ১ | ৪৩ এ্যাম্পুল |
| টি.ডি জেসিক ইঞ্জেকশন | ৯ | ৮ | ২৯৯ এ্যাম্পুল |
| জাওয়া | ১ | ১ | ১১৪৫০ লিটার |
| বাখার | | | ৮ কেজি |
| এ্যালকোহল | ২ | ২ | ৪২ লিটার |
| বনোজেসিক ইঞ্জেকশন | ৮ | ৮ | ৪৪ এ্যাম্পুল |
| অন্যান্য | ১ | ৫ | |
| ইয়াবা ট্যাবলেট | ৫ | ৭ | ১০৬১ টি |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১ | ২ | ৮১২ কেজি |
| নগদ অর্থ | | | ৭৮২১০ টাকা |
| সি, এন, জি | | | ২ টি |
| মোবাইল সেট | | | ২০ টি |
| ট্রাক | | | ১ টি |
| স্বর্ণালঙ্কার | | | ১১০ ভরি |
| মোটর সাইকেল | | | ১ টি |
| মোট | ৬৩১ | ৭০২ | |

# রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তররের অঞ্চলভিত্তিক ২০০৬ সালের মে মাসের সাথে ২০০৭ সালের মে মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

| ক্র/নং | অঞ্চলের নাম | মে/০৬ | মে/০৭ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৩৯,২৯,৩০৪ | ৪২,৭৯,৩৮৮ |
| ২। | চট্টগ্রাম অঞ্চল | ৬২,৪২,২৪৩ | ৬৫,৮০,৮৭০ |
| ৩। | খুলনা অঞ্চল | ১,৮৭,০০,৩৩১ | ২,৫৩,৭৯,৬৬২ |
| ৪। | রাজশাহী অঞ্চল | ৩৩,৫১,০৪০ | ৫৭,০১,৫৬০ |
| | মোট | ৩,২২,২২,৯১৮ | ৪,১৯,৪১,৪৮০ |




মানববন্ধন কর্মসূচীতে অধিদপ্তরের কর্মকর্তাদের একাংশ।

# আইন-আদালত

মে/০৭ মাসে মোট ২৭৯ টি মামলা নিস্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ১৫২ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ১২৬ টি। অন্যান্যভাবে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ১ টি।সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৬৫ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ১৬০ জন। মে/০৭ মাস পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৪৫৫৪ টি। উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক নিস্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | মে/ ০৭ পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৬৪ | ৭১ | ৪৫৭৯ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৭ | ৮ | ৩২৬২ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ৪ | ৪ | ২২৭৯ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ৫ | ৫ | ৬১২ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | - | - | ৫৫৮ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ১ | ১ | ৪৬৩ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | - | - | - |
| ৮ | চট্রগ্রাম মেট্রো উপ-অঞ্চল | ৩ | ৩ | ২৮৫৬ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | - | - | ৯০৮ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ২ | ২ | ৫৬২ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ১ | ১ | ১৭৯২ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | - | - | ৫৪৯ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | - | - | ১৬১ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | - | - | ১০ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - | ৬১ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | - | - | ৪৬২ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ২ | ৩ | ২৩০৯ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ২ | ২ | ৮৫৮ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৮ | ৯ | ১১৫৯ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১৩ | ১৩ | ৬৫১ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | - | - | ৯৮ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ২ | ৩ | ২৫৯ |
| ২৩ | পটুয়াখালী /উপ-অঞ্চল | - | - | ৮০ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ১৭ | ১৭ | ৩৭৪৯ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ৭ | ৭ | ১৪৫৩ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ২ | ২ | ১২৮১ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ৪ | ৪ | ১৮৮৮ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৮ | ১০ | ১৩৫৫ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | - | - | ৩০০ |
| | সর্বমোটঃ | ১৫২ | ১৬৫ | ৩৪৫৫৪ |

# ২৬ জুন ২০০৭ পালন

প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার মইনুল হোসেন বলেন, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বন্ধ করা একা সরকারের পক্ষে সম্ভব নয়। এর জন্য সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে জনাব মোঃ আবদুল করিম বলেন ইসলাম ধর্মমতে যুবকরা কীভাবে তাদের সময় কাটান তার হিসাব নেয়া হবে। তিনি মাদকমুক্ত সমাজ গঠনে পারিবারিক মূল্যবোধ এবং এইচআইভি/এইডস নিয়ন্ত্রণের জন্য ধর্মীয় অনুশাসন মেনে চলার উপর গুরুত্বারোপ করেন। সভাপতির বক্তব্যে অধিদপ্তরের মহাপরিচালক জানান বাংলাদেশ সরকার জাতিসংঘের ১৯৬১, ১৯৭১, ১৯৮৮ সনের মাদকসংক্রান্ত তিনটি কনভেনশন, ১৯৯০ সনে সার্ক কনভেনশন স্বাক্ষর করা ছাড়াও ১৯৯৪ সালে মায়ানমারের সাথে, ১৯৯৫ সালে ইরানের সাথে এবং ২০০৬ সালে ভারতের সাথে মাদক চোরাচালান ও মাদকের অপব্যবহার বিরোধী দ্বিপাক্ষিক চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। তিনি জানান ফেন্সিডিল চোরাচালানের বিষয়ে মহাপরিচালক, নারকটিকস কন্ট্রোল ব্যুরো, ভারত এর সাথে তথ্য বিনিময় করা হচ্ছে। সভায় মাদকবিরোধী আন্তর্জাতিক দিবসের বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন অধিদপ্তরের পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা) জনাব শাহীনুল ইসলাম। তাছাড়া দিবসটি উপলক্ষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক এর নেতৃত্বে সকল জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অফিস ও বিভিন্ন বেসরকারী সংস্থা (এনজিও) এর সক্রিয় অংশগ্রহণে বিভিন্ন কর্মসূচী পালন করা হয়।

উপলক্ষে সুস্থ জাতি গঠনে সংগীতকে যুবসমাজের কাছে আরো প্রাণবন্ত করার লক্ষ্যে মাদকমুক্ত ভবিষ্যত প্রজন্মের কাছে তুলে ধরার দায়বদ্ধতা থেকেই মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমী ২৬ জুন ২০০৭ সন্ধ্যা ৭-৩০ টায় একাডেমীর জাতীয় নাট্যশালা মূল থিয়েটার হলে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প, পাট ও বস্ত্র, সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা বেগম গীতিআরা সাফিয়া চৌধুরী।

# অবসর গ্রহণ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজশাহী উপ-অঞ্চলের পরিদর্শক জনাব মোঃ আকবর আলী ১০/০৬/২০০৭ তারিখে, চট্টগ্রাম মেট্রোঃ উপ-অঞ্চলের সিপাই জনাব মোহাম্মদ নুরুল হুদা ৪/০৬/২০০৭ তারিখে এবং জনাব জেবল হক ৩০/০৬/২০০৭ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-এ গমন করেন। উক্ত ছুটি জনাব মোঃ আকবর আলী ১০/০৬/২০০৮ তারিখে, জনাব মোহাম্মদ নুরুল হুদা ৮/০৬/২০০৮ তারিখে এবং জনাব জেবল হক ৩০/০৬/২০০৮ তারিখে সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।




মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভার বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখছেন স্বরাষ্ট্র সচিব জনাব মোঃ আবদুল করিম।

# সিদ্ধেশ্বরী থেকে হেরোইন ও ইয়াবাসহ ২ জন গ্রেফতার

গত ৩১ মে ২০০৭ তারিখ রাত ১১.০০-১২.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো উপ-অঞ্চলের একটি রেইডিং টিম গোপন সংবাদের ভিত্তিতে ঢাকা মহানগরীর রমনা থানাধীন সিদ্ধেশ্বরী এলাকাস্থ ৬৩/সি থেকে ২ কেজি ৬০০ গ্রাম হেরোইন ও ১৪৮৫ পিস ইয়াবা নামীয় এ্যামফিটামিন ট্যাবলেটসহ মোঃ সায়মুন আজম জনি(২৩) এবং মোঃ শাহরিয়ার ইমন (২৫) কে গ্রেফতার করে। আসামীদের বসতঘরের ওয়্যারড্রপের মধ্যে একটি কাপড়ের ব্যাগ থেকে বর্ণিত হেরোইন এবং খাটের উপর তোষকের নিচে লুকানো অবস্থায় ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকদ্রব্যের সাথে জড়িত অন্যতম আসামী পলাতক রয়েছে। গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদে জানা যায়, যশোরের বেনাপোল সীমান্ত দিয়ে ভারত থেকে উক্ত হেরোইন ঢাকায় আনা হয়। আসামী আলমগীর তার নিজস্ব প্রাইভেট কারে করে বেনাপোল থেকে হেরোইন নিয়ে আসে। আর ইয়াবা ট্যাবলেট মায়ানমার থেকে টেকনাফ, কক্সবাজার দিয়ে প্রাইভেট কারে করে আলমগীর ঢাকায় নিয়ে আসে। আসামীদের কাছ থেকে ২ টি মোবাইল সেট এবং হেরোইন মাপার কাজে ব্যবহৃত একটি ইলেকট্রনিক নিক্তি আটক করা হয়।

# রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র‍্যাব ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামতের রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। মে/০৭ মাসের রাসায়নিক পরীক্ষার চিত্র নিম্নরূপঃ

| নমুনা প্রেরণকারী সংস্থা | মামলা সংখ্যা | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/ স্থগিত |
|---|---|---|---|---|---|
| | | পজিটিভ | নেগেটিভ | মোট | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৬৭৬ | ৬৭৩ | ৩ | ৬৭৬ | - |
| পুলিশ | ৬৪৩ | ৬৩৮ | ৩ | ৬৪১ | ২ |
| বিডিআর | ৪ | ৪ | - | ৪ | - |
| র‍্যাব | ১ | - | ১ | ১ | - |
| সর্বমোট | ১৩২৪ | ১৩১৫ | ৭ | ১৩২২ | ২ |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।
টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।